সংযুক্তি-৬

১৯৬

## পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ১০ম স...

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের ১০ম সভা বিগত ২৫-১০-২০০৯ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান জনাব রমেশ চন্দ্র সেন উক্ত সভায় সভাপতিত্ব করেন। ওয়ারপো'র প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব আলহাজ্ব মোঃ মাহবুবুর রহমান সভায় উপস্থিত ছিলেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান উপস্থিত সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর মহাপরিচালক-কে আলোচ্যসূচী উপস্থাপন করতে অনুরোধ করেন।

আলোচ্য বিষয়-১ ঃ **ওয়ারপো সম্বন্ধে পরিচিতি প্রতিবেদন উপস্থাপন ও কার্যক্রম পর্যালোচনা**

মহাপরিচালক, ওয়ারপো পাওয়ারপয়েন্ট এর মাধ্যমে পানি সম্পদ ব্যবস্থাপনার ধারাবাহিক বিবর্তন এবং ওয়ারপো'র জন্ম এবং এর গঠন ও ব্যবস্থাপনা বিষয়ে উপস্থাপন করেন।

ওয়ারপো'র কর্মকান্ড পরিচালনা পরিষদ কর্তৃক ১৭-১০-২০০৬ তারিখে ৭ম বোর্ড সভায় অনুমোদিত ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন পরিকল্পনা (ODP) অনুযায়ী সম্পাদিত হচ্ছে। ছয়টি গুচ্ছ কর্মসূচীর আওতায় বিভিন্ন চলমান ও ভবিষ্যৎ কর্মকান্ডের বর্ণনাকালে তিনি নিম্নের বিষয়গুলোর দিকে সভার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন।

- ~~এনডব্লিউএমপি~~ NWMP বাস্তবায়নের মূল্যায়ন ও পর্যালোচনা সহ এর হালনাগাদ কর্মসূচী প্রণয়ন। এই প্রসঙ্গে প্রস্তাবিত সংস্থাপন বাজেটের আওতায় সমীক্ষা/গবেষণা কার্যক্রম এর জন্য অর্থ সংস্থানের অনুরোধ করেন।
- "ক্লিয়ারিং হাউজ" - কার্যক্রমের আওতায় বর্তমানে বাপাউবো এর প্রকল্পের পর্যালোচনা চলমান আছে। ভবিষ্যতে সড়ক ও জনপথ এবং এলজিইডি কর্তৃক সেতু, রাস্তা, কালভার্ট নির্মাণ প্রকল্পগুলোকে "ক্লিয়ারিং হাউজ" এর আওতায় আনার প্রস্তাব করেন। জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ECNWRC) এর সভায় উপস্থাপনের জন্য চলমান কার্যক্রমের মূল্যায়ন সহ কার্যপত্র আগামী মাসের মধ্যেই মন্ত্রণালয়ের দাখিল করা হবে।
- উপকূলীয় অঞ্চল নীতিমালা অনুযায়ী-২০০৬ উপকূলীয় অঞ্চলের কর্মকান্ড সমন্বয় এর লক্ষ্যে কর্মসূচী সমন্বয় ইউনিট (পিসিইউ) এর কার্যক্রম নেদারল্যান্ডস সরকারের সাহায্যে এ বছর থেকে বেগবান করা হয়েছে এবং একটি ১০ শালা কারিগরী সহায়তা প্রকল্প প্রক্রিয়াধীন আছে।
- ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী অনুযায়ী ওয়ারপো'র কর্মকান্ডের সুষ্ঠ বাস্তবায়নের জন্য বর্ধিত লোকবল চাহিদা ও যন্ত্রপাতির (TO&E) চাহিদা ০৬-১০-২০০৯ তারিখে দাখিল করা হয়েছে।

মাননীয় প্রতিমন্ত্রী তাঁর বক্তৃতায় ওয়ারপো'র ভবিষ্যৎ কর্মপরিকল্পনাকে যুগোপযোগী ও বর্তমান সরকারের ভিশন-২০২১ এর সাথে সমন্বয় করতে অনুরোধ করেন।

এই প্রসঙ্গে কৃষি সচিব তাঁর বক্তৃতায় ওয়ারপো'র অর্জনের প্রশংসা করেন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনায় পরিচালনা পরিষদের আরও সম্পৃক্ততা আশা করেন।

৪

মাননীয় সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় নদী অববাহিকা ভিত্তিক পানি সম্পদ ব্যবস্থাপনার উপর জোর দেন। মহাপরিচালক, ওয়ারপো জানান জাতীয় পানি নীতিতে দীর্ঘমেয়াদে অববাহিকা ভিত্তিক পানি ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে মধ্য ও দীর্ঘমেয়াদী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। এ প্রসঙ্গে মহাপরিচালক, ওয়ারপো আরও জানান যে, ইত্যবসরে এডিবি এর কারিগরী সহায়তায় সম্পাদিত সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের লক্ষ্যে খসড়া পানি আইন সহ পরামর্শক কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত প্রতিবেদনের উপর কার্যপত্র ECNWRC এর বিবেচনার জন্য এই মাসের মধ্যে দাখিল করা হবে।

সিদ্ধান্ত ঃ

ক) NWMP বাস্তবায়ন পর্যালোচনা ও মূল্যায়ন এবং ক্লিয়ারিং হাউজ কর্মকান্ডসহ ওয়ারপো'র বিভিন্ন সমীক্ষা কর্মসূচী গ্রহণের জন্য সংস্থাপন বাজেট থেকে অর্থ বরাদ্দের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয়-২ ঃ পরিচালনা বোর্ডের ৯ম সভার কার্যবিবরণী অনুমোদন

বিগত ১০-১১-২০০৮ তারিখে অনুষ্ঠিত ওয়ারপো পরিচালনা বোর্ডের ৯ম সভার কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য উথাপন করা হয়।

<u>গৃহীত সিদ্ধান্ত ঃ</u>

- ৯ম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

আলোচ্য বিষয়-৩ ঃ পরিচালনা বোর্ডের ৯ম সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন প্রতিবেদন

মহাপরিচালক, ওয়ারপো পরিচালনা বোর্ডের ৯ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

ক) মহাপরিচালক, ওয়ারপো সভাকে জানান যে, ৮ম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ODP এর আলোকে প্রস্থাবিত অতিরিক্ত জনবল চাহিদা নিরূপনের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত "ODP জনবল পর্যালোচনা সাব-কমিটি" জনবল সংক্রান্ত প্রতিবেদন পেশ করেছেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক, ওয়ারপো উক্ত সাব-কমিটিকে চুক্তিভিত্তিক জনবল নিয়োগ এবং ওয়ারপো'র অফিসের জন্য জায়গার প্রস্থাব পর্যালোচনা করে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করেন।

<u>গৃহীত সিদ্ধান্ত ঃ</u>

- ওয়ারপো'র প্রস্তাবিত জনবল পর্য্যালোচনার জন্য গঠিত সাব-কমিটিকে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের প্রস্থাব এবং ওয়ারপো'র অফিসের জন্য জায়গার প্রস্তাব পর্যালোচনা করে সত্বর প্রতিবেদন পেশ করতে অনুরোধ করা হয়।

আলোচ্য বিষয়-৪ ঃ ওয়ারপো'র প্রশাসনিক ক্ষমতা অর্পন বিষয়ে অবহিতকরণ

মহাপরিচালক, ওয়ারপো জানান প্রথম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়ারপো'র প্রশাসনিক ক্ষমতা অর্পন-২০০৯ মন্ত্রণালয় হতে গত ১৯-০৫-২০০৯ তারিখে অনুমোদন করে দিয়েছেন এবং সে মোতাবেক ওয়ারপো'র প্রশাসনিক কার্যসম্পাদন করা হচ্ছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- ওয়ারপো'র প্রশাসনিক ক্ষমতা অর্পন-২০০৯ বিষয়ে সভা অবহিত হলো।

আলোচ্য বিষয়-৫ ঃ **নিয়োগ ও পদোন্নতির বিষয়ে অবহিতকরণ**

মহাপরিচালক, ওয়ারপো সভাকে জানান যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে চারজন বৈজ্ঞানিক কর্মকর্তার নিয়োগ প্রদান করা হয়েছে এবং পরবর্তীতে ওয়ারপো'র প্রশাসনিক ক্ষমতা বলে ওয়ারপো'র দুইজন বৈজ্ঞানিক কর্মকর্তাকে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়কে ওয়ারপো'র বিশেষজ্ঞ পাঁচটি পদে পাউবো থেকে উর্ধ্বতন কর্মকর্তা প্রেষণে নিয়োগ দেওয়ার অনুরোধ করে মন্ত্রণালয় থেকে পাউবোকে অনুরোধ করা হয়েছে। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহোদয় ওয়ারপোতে আরও নিয়োগ ও দ্রুত পদোন্নতির মাধ্যমে জনবলকে শক্তিশালীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- ওয়ারপো'র নিয়োগ ও পদোন্নতির বিষয়ে ওয়ারপো এবং পানি সম্পদ মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।
- পাউবো থেকে ওয়ারপোতে বিশেষজ্ঞ পদে প্রেষণে নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি সমাপনী ভাষণে ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মকান্ডে এই বোর্ডের সদস্যগণ সর্বাত্মক সাহায্য সহযোগিতা অব্যাহত রাখবেন বলে তিনি আশা প্রকাশ করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

(জালালউদ্দিন মুঃ আবদুল হাই)
মহাপরিচালক, ওয়ারপো
ও
সদস্য-সচিব, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

১৮/০৫/২০১১
(রমেশ চন্দ্র সেন)
মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান, পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

## পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের ১০ম সভা

সভাপতি : জনাব রমেশ চন্দ্র সেন, মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়

তারিখ : ২৫-১০-২০০৯খ্রিঃ

সময় : ১১.০০মিঃ

স্থান : সভা কক্ষ (কক্ষ নং-৪০৬), পানি সম্পদ মন্ত্রণালয়।

### সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | টেলিফোন নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | শেখ মোঃ ওয়াহিদুজ্জামান, সচিব | পানি সম্পদ মন্ত্রণালয় | | [illegible] |
| ২। | ড. কিউ. কে. মুস্তাফা, সচিব | কৃষি মন্ত্রণালয় | | [illegible] |
| ৩। | রীতি ইব্রাহীম, অতিরিক্ত সচিব | [illegible] মন্ত্রণালয় | ফ ৯১৩৭৪৭০ | [illegible] |
| ৪। | মোহাম্মদ মোঃ [illegible], যুগ্ম-সচিব (উন্নয়ন) | সড়ক ও রেলপথ বিভাগ | ৯১৬৫১৭০ | [illegible] 25.10.2009 |
| ৫। | [illegible], যুগ্ম-সচিব | পরিকল্পনা কমিশন | ৯১১৫৭৪১ | [illegible] 25.10.09 |
| ৬। | রবীন্দ্রনাথ রায় চৌধুরী, যুগ্ম-সচিব (সচিব মহোদয়ের প্রতিনিধি) | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ৯১৬২০৮৭ | [illegible] |
| ৭। | [illegible] | ওয়ারপো | ৯১০০৮৯১ | [illegible] |
| ৮। | ইঞ্জি. [illegible], পরিচালক [illegible] | ,, | ৮৮১৪৪২০ | [illegible] |
| ৯। | মোহাম্মদ আলী আসলাম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | ,, | ,, | [illegible] |
| ১০। | ড. নিলুফা ইসলাম, পরিচালক (কারিগরী) | ওয়ারপো | ৯৮৯১৩৪৫ | [illegible] |
| ১১। | মোঃ হাসান মাহমুদ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | ওয়ারপো | ৯৮৯৪৪৪৩ | [illegible] |
| ১২। | মোঃ সিদ্দিকুর রহমান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | ওয়ারপো | ৯৮৯৪০৫৪ | Rahman. |
| ১৩। | এস এম [illegible], পরিচালক | ওয়ারপো | | [illegible] |
| ১৪। | | | | |